



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

জাবি উপাচার্যের সঙ্গে প্রধানমন্ত্রী স্বর্ণপদক এর জন্য মনোনীত কৃতি শিক্ষার্থীদের সাক্ষাৎ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ মে ২০২৩।

অনুষদভিত্তিক সর্বোচ্চ ফলাফল অর্জনের জন্য প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯ এর জন্য মনোনীত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কৃতি শিক্ষার্থীরা আজ উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের সঙ্গে সাক্ষাৎ করেন।

সকাল দশটায় উপাচার্য অফিসে কৃতি শিক্ষার্থীরা সাক্ষাৎ করতে এলে উপাচার্য তাঁদের স্বাগত ও অভিনন্দন জানান। এ সময় উপাচার্য বলেন, অনুষদভিত্তিক সর্বোচ্চ ভালো ফলাফল অর্জনের মাধ্যমে প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯ লাভ করা অত্যন্ত সম্মান ও গৌরবের। এতে বিশ্ববিদ্যালয়ও সম্মানিত বোধ করছে। উপাচার্য স্বর্ণপদকের জন্য মনোনীত শিক্ষার্থীদের অব্যাহত সাফল্য কামনা করেন।

স্বর্ণপদকের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে মনোনীত শিক্ষার্থীরা হলেন, কলা ও মানবিক অনুষদের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের মৌসুমী আক্তার (৩ দশমিক ৮), গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের পরিবেশ বিজ্ঞান বিভাগের বিউটি আক্তার (৩ দশমিক ৯১), সমাজবিজ্ঞান অনুষদের অর্থনীতি বিভাগের মারুফাতুন নাহার (৩ দশমিক ৯৬), জীববিজ্ঞান অনুষদের মাইক্রোবায়োলজি বিভাগের মুমতারিন জান্নাত ঐশী (৩ দশমিক ৯৫), বিজনেস স্টাডিজ অনুষদের মার্কেটিং বিভাগের রাবেয়া জান্নাত (৩ দশমিক ৯৩), আইন অনুষদভুক্ত আইন ও বিচার বিভাগের লিমা আক্তার (৩ দশমিক ৮১)।

সম্প্রতি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) ওয়েবসাইটে এ তালিকা প্রকাশ করা হয়। এতে দেশের সরকারি-বেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৭৮ জন শিক্ষার্থীকে ২০১৯ সালে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে প্রধানমন্ত্রীর স্বর্ণপদকের জন্য মনোনীত করা হয়।

উল্লেখ্য, ২০০৫ সাল থেকে ইউজিসি মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রী স্বর্ণপদক দিয়ে আসছে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

